**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৫৯/২০১৯-২০২০**
**ঢাকা ৪ ফেব্রুয়ারি মঙ্গলবার ২০২০, ২১ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। দু'দিনের সফরে রাষ্ট্রপতি পটুয়াখালী যাচ্ছেন আজ
২। রাষ্ট্রপতির সঙ্গে রেড ক্রিসেন্ট সোসাইটির প্রতিনিধিদলের সাক্ষাৎ
রাষ্ট্রপতির কাছে আলজেরিয়ার রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ
৩। মন্ত্রিসভায় কোম্পানি (সংশোধন) আইন এবং ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস বাংলাদেশ আইন এর খসড়ায় নীতিগত অনুমোদন
যে কোনো উপায়ে করোনাভাইরাস প্রতিরোধ করতে প্রধানমন্ত্রীর নির্দেশ
৪। চীন থেকে যেসব বাংলাদেশি দেশে ফিরতে চান তাদেরকে এখন থেকে নিজ ব্যবস্থাপনায় বাংলাদেশে আসতে হবে : স্বাস্থ্যমন্ত্রী
৫। প্রধানমন্ত্রী চার দিনের সরকারি সফরে ইতালি যাচ্ছেন আজ
৬। প্রধানমন্ত্রীর সঙ্গে বিওএ কর্মকর্তাদের সাক্ষাৎ
৭। ইভিএমসহ নির্বাচন নিয়ে বিএনপির নেতিবাচক প্রচারের কারণেই দুই সিটিতে ভোট কম : সংসদে তথ্যমন্ত্রী
৮। জামিন জালিয়াতি বন্ধে সরকার বদ্ধপরিকর : সংসদে আইনমন্ত্রী
৯। মাছ উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ : সংসদে মৎস্য প্রতিমন্ত্রী
১০। বিভিন্ন মন্ত্রণালয়ের শূন্য পদের সংখ্যা ৩ লাখ ২৫ হাজার ৮২টি : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১১। এসএসসি ও সমমানের পরীক্ষায় ২৭৯০ সেট প্রশ্ন ছাপা হয়েছে : শিক্ষামন্ত্রী
১২। আগামী বছর বাণিজ্য মেলা পূর্বাচলে : বাণিজ্য মেলার সমাপনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী

**১। দু'দিনের সফরে রাষ্ট্রপতি পটুয়াখালী যাচ্ছেন আজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দুই দিনের সফরে আজ (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) পটুয়াখালী যাচ্ছেন। সফরকালে রাষ্ট্রপতি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তনে অংশ নেবেন। এছাড়া তিনি পটুয়াখালীর দুমকী ও কলাপাড়া উপজেলায় কয়েকটি কর্মসূচিতে অংশ নেবেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**২। রাষ্ট্রপতির সঙ্গে রেড ক্রিসেন্ট সোসাইটির প্রতিনিধিদলের সাক্ষাৎ**
**রাষ্ট্রপতির কাছে আলজেরিয়ার রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির একটি প্রতিনিধিদল। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদারের নেতৃত্বে প্রতিনিধিদল বঙ্গভবনে যায়। প্রতিনিধিদল রাষ্ট্রপতির কাছে তাদের ২০১৯ সালের বার্ষিক প্রতিবেদন পেশ করেন। রাষ্ট্রপতি সোসাইটির সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবহিদি নিশ্চিত করার আহ্বান জানান। এদিকে গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশ করেছেন আলজেরিয়ার নতুন রাষ্ট্রদূত রাবাহ লারবি। নতুন দূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন। জর্ডানে নিযুক্ত বাংলাদেশের দূত নাহিদা সোবহানও গতকাল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। রাষ্ট্রপতি এ সময় জর্ডানে জনশক্তি রপ্তানি বাড়বে বলে আশা প্রকাশ করেন। এছাড়া সিলেট মেডিকেল ইউনিভার্সিটির উপাচার্য মোরশেদ আহমেদ রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫)।

**৩। মন্ত্রিসভায় কোম্পানি (সংশোধন) আইন এবং ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস বাংলাদেশ আইন এর খসড়ায় নীতিগত অনুমোদন**
**যে কোনো উপায়ে করোনাভাইরাস প্রতিরোধ করতে প্রধানমন্ত্রীর নির্দেশ**

যে কোনো উপায়ে করোনাভাইরাস প্রতিরোধ করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে করোনাভাইরাস নিয়ে বিশেষ বৈঠকে এ নির্দেশনা দিয়েছেন তিনি। সভায় 'কোম্পানি (সংশোধন) আইন, ২০২০' এবং 'ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস বাংলাদেশ আইন, ২০২০'-এর খসড়া নীতিগত অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিসভার বৈঠকে করোনাভাইরাস প্রতিরোধ করতে কিছু সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। চীন থেকে যারা দেশে ফিরবেন, তাদের অবশ্যই ১৪ দিন কোয়ারেন্টাইনে রাখতে হবে। বাংলাদেশে কর্মরত চীনের উহানের নাগরিকদের মধ্যে যারা দেশে গেছেন, তাদের আপাতত ফিরতে দেওয়া হবে না। একইসঙ্গে ওয়ার্ক পারমিটও নবায়ন করা হবে না। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৪। চীন থেকে যেসব বাংলাদেশি দেশে ফিরতে চান তাদেরকে এখন থেকে**
**নিজ ব্যবস্থাপনায় বাংলাদেশে আসতে হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, চীন থেকে যেসব বাংলাদেশি দেশে ফিরতে চান তাদেরকে এখন থেকে নিজ ব্যবস্থাপনায় বাংলাদেশে আসতে হবে। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনে (বিএমএ) ‘নোবেল করোনাভাইরাস (২০১৯-২০২০) প্রেক্ষাপট বাংলাদেশে সচেতনতা ও করণীয়’ শীর্ষক এক সেমিনারে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, সরকারি ব্যবস্থাপনায় আর কোনো বিমান পাঠানো হবে না। কারণ এদেশ থেকে চীনে যে বিমান যাচ্ছে সেসব বিমান, পাইলট ও ক্রুদের বিশ্বের অন্য কোনো দেশে ভিসা দিচ্ছে না। সুতরাং আর কোনো বিমান পাঠালে তা আর অন্য যাত্রী পরিবহণে সমর্থ না হলে বিমান পরিচালনা কঠিন হবে। এ অবস্থায় চীনে থাকা কোনো নাগরিক আসতে চাইলে সরকার সহযোগিতা করবে তবে বিমান পাঠানো হবে না। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৫। প্রধানমন্ত্রী চার দিনের সরকারি সফরে ইতালি যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির প্রধানমন্ত্রীর আমন্ত্রণে চার দিনের সরকারি সফরে আজ (৪ ফেব্রুয়ারি মঙ্গলবার) রোমের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। সফরকালে প্রধানমন্ত্রী ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কোঁতের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন। এছাড়া তিনি পোপ ফ্রান্সিসের সঙ্গে সাক্ষাৎ করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ,ক.১)।

**৬। প্রধানমন্ত্রীর সঙ্গে বিওএ কর্মকর্তাদের সাক্ষাৎ**

এপ্রিলে অনুষ্ঠিত হবে বাংলাদেশ গেমস। ১ থেকে ১০ এপ্রিল পর্যন্ত চলবে ঘরোয়া ক্রীড়াঙ্গনের সর্বোচ্চ আসরের খেলা। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর এ আয়োজনের সার্বিক প্রস্তুতি সম্পর্কে গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবহিত করেন বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের (বিওএ) কর্মকর্তারা।বিওএ সভাপতি ও সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ ও মহাসচিব সৈয়দ শাহেদ রেজা গণভবনে প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় বিওএ কর্মকর্তারা বাংলাদেশ গেমস সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবগত করেন। গেমস সফলভাবে সম্পন্ন করতে দিকনির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র- **বণিক বার্তা** (পৃ.১৪,ক.৫),**সমকাল** (পৃ.৪,ক.৬)।

**৭। ইভিএমসহ নির্বাচন নিয়ে বিএনপির নেতিবাচক প্রচারের কারণেই দুই সিটিতে ভোট কম : সংসদে তথ্যমন্ত্রী**

ঢাকা সিটি করপোরেশন নির্বাচনে ভোটার উপস্থিতির হার কম হওয়ার জন্য বিএনপিকে দায়ী করলেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। সদ্য সমাপ্ত এ নির্বাচনকে উপমহাদেশের ইতিহাসের চমৎকার একটি নির্বাচন আখ্যায়িত করে তিনি বলেন, ইভিএমসহ নির্বাচন নিয়ে বিএনপির নেতিবাচক প্রচারের কারণেই মানুষের মধ্যে সংশয় দেখা দেয়। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) সংসদের বৈঠকে রাষ্ট্রপতির ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক১), **নিউজ টুডে** ( পৃ.১,ক.২)।

**৮। জামিন জালিয়াতি বন্ধে সরকার বদ্ধপরিকর : সংসদে আইনমন্ত্রী**

আদালতে জামিন জালিয়াতি বন্ধে প্রকৃত অপরাধীদের শনাক্তকরণসহ ফৌজদারি আইনে বিচারের সম্মুখীন করার পাশাপাশি বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। তিনি বলেন, এ ধরনের জালিয়াতি বন্ধে সরকার বদ্ধপরিকর। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। অপর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, দেশের বিভিন্ন আদালতে ২০১৯ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত পাঁচ বছরের অধিক অনিষ্পন্ন বিচারাধীন মামলার সংখ্যা ৫ লাখ ৭৩ হাজার ১৭৮টি। তার মধ্যে অনিষ্পন্ন বিচারাধীন ফৌজদারি মামলা ২ লাখ ২১ হাজার ১০৮টি ও অনিষ্পন্ন বিচারাধীন দেওয়ানি মামলার সংখ্যা ৩ লাখ ৫২ হাজার ৭০টি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**৯। মাছ উৎপাদনে দেশ স্বয়ং সম্পূর্ণ : সংসদে মৎস্য প্রতিমন্ত্রী**

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু বলেছেন, বাংলাদেশ বর্তমানে মাছ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ। সরকারের সময়োপযোগী পদক্ষেপের ফলে ২০১৭-১৮ অর্থবছরে দেশে চাহিদার তুলনায় প্রায় ৫০ হাজার মেট্রিক টন বেশি মৎস্য উৎপাদন হয়েছে। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **আমাদেরঅর্থনীতি,** ( শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১৩,ক.৬)।

**১০। বিভিন্ন মন্ত্রণালয়ের শূন্য পদের সংখ্যা ৩ লাখ ২৫ হাজার ৮২টি : সংসদে জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

বিভিন্ন মন্ত্রণালয়ে শূন্য পদের সংখ্যা ৩ লাখ ২৫ হাজার ৮২টি বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। তিনি বলেন, আদালতে মামলা থাকায় নিয়োগবিধি কার্যক্রম শেষ না হওয়ায় এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়ায় কিছু শূন্য পদ যথাসময়ে পূরণ করা যায় না। তবে শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১), **ফিনান্শিয়াল এক্সপ্রেস** (পৃ.৮,ক.১)।

**১১। এসএসসি ও সমমানের পরীক্ষায় ২৭৯০ সেট প্রশ্ন ছাপা হয়েছে : শিক্ষামন্ত্রী**

সারাদেশে গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) শুরু হওয়া মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষায় প্রশ্নফাঁসের গুজব গ্রাহ্য না করার পরামর্শ দিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, কেউ যাতে প্রশ্নফাঁস করতে না পারে, সেজন্য এবার ২ হাজার ৭৯০ সেট প্রশ্ন ছাপানো হয়েছে। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) রাজধানীর তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**১২। আগামী বছর বাণিজ্য মেলা পূর্বাচলে : বাণিজ্য মেলার সমাপনী অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী**

আগামী বছর ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার ২৬তম আসর রাজধানীর পূর্বাচলে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (৩ ফেব্রুয়ারি সোমবার) শেরেবাংলানগরে ২৫তম আন্তর্জাতিক বাণিজ্য মেলার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। তিনি বলেন, বাণিজ্য মেলা পূর্বাচলে স্থায়ীভাবে নেওয়ার জন্য সেখানে মেলার নিজস্ব কমপ্লেক্স করা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** দেশের জলাধারগুলো সরকারি ও বেসরকারিভাবে দিনদিন দখল-দূষণ ও ভরাটের হুমকির মুখে পড়ায় জলাভূমিগুলো রক্ষায় আইনের কঠোর বাস্তবায়নের সুপারিশ।

**খ.** **সমকাল :** করোনাভাইরাস সংক্রান্ত বিদ্যমান পরিস্থিতিতে স্বাস্থ্যঝুঁকি মোকাবিলায় সমন্বিত উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ** : চট্টগ্রাম, পার্বত্য চট্টগ্রাম ও সিলেটের পাহাড় কাটায় জড়িতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে পাহাড় কাটা বন্ধ করার আহ্বান।

ঙ. **জনকণ্ঠ** : নারায়ণগঞ্জের আড়াইহাজার উপজেলায় লাইসেন্স ছাড়া ফার্মেসিতে নিষিদ্ধ, নকল ও মেয়াদোত্তীর্ণ ওষুধ বিক্রি হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**চ.** **যুগান্তর** : অর্নাস ও মাস্টার্স কোর্স চালু থাকা কলেজগুলোর শিক্ষার মান বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

**ছ.** **বণিক বার্তা** : ঢাকার মেগা প্রকল্পের ঠিকাদাররা পরিবেশের নিয়ম না মানায় প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়কে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান** : ঢাকাকে বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে ঢাকার নির্বাচিত দুই মেয়রকে আন্তরিকতার সঙ্গে কাজ করার আহ্বান।

**ঝ.** **ইন্ডিপেনডেন্ট , যায়যায়দিন :** অমর একুশে বই মেলার উদ্বোধন অনুষ্ঠানে বিশ্ব দরবারে বাংলা সাহিত্য-সংস্কৃতিকে পৌঁছে দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর বক্তব্যের যথাযথ বাস্তবায়নের প্রত্যাশা।

**ঞ.** **নিউজ টুডে :** খাদ্য নিরাপত্তার লক্ষ্যে ভেজাল ও নিম্নমানের খাদ্যপণ্য ও ফলমূল ব্যবসার বিরুদ্ধে পর্যবেক্ষণ ব্যবস্থা জোরদার করার আহ্বান।

**ট.** **অবজারভার :** আশকোনা হজ ক্যাম্পে কোয়ারেন্টাইনে রাখা চীন ফেরত লোকদের সব সুযোগ সুবিধা নিশ্চিত করার সুপারিশ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে বলা হয়েছে, পরিবেশ সুরক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণসহ পরিবেশ সংরক্ষণ আইনের যথাযথ প্রয়োগের পাশাপাশি সচেতনতা বৃদ্ধি করা জরুরি।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত ‘আমাদের বাংলা চর্চা’ শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, এ দেশে যতবেশি বিদেশি আনাগোনা বাড়বে, দেশের কৃষ্টি, সংস্কৃতি ও ভাষা বিশ্ববাসীর কাছে তত বেশি পরিচিত ও গ্রহণযোগ্য হয়ে উঠবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা